গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, পঞ্চগড়
রাজস্ব (এসএ) শাখা

আগস্ট, ২০২৩ মাসের (আলোচ্য মাস জুলাই, ২০২৩) জেলা কৃষি খাস জমি ব্যবস্থাপনা ও বন্দোবস্ত কমিটির সভার কার্যবিবরণীঃ

সভাপতি : মোঃ জহুরুল ইসলাম
জেলা প্রশাসক, পঞ্চগড়।
সভার তারিখ : ২৭ আগস্ট ২০২৩ খ্রিঃ
সভার সময় : ১১.০০ টা
স্থান : জেলা প্রশাসক, পঞ্চগড় এর সম্মেলন কক্ষ।
উপস্থিতি : উপস্থিত সদস্যগণের নামের তালিকা নথিতে সংরক্ষিত আছে।

সভাপতি সভার শুরুতে উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন এবং অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), পঞ্চগড়কে সভা পরিচালনার জন্য অনুরোধ করেন। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), পঞ্চগড় বিগত ২৩-০৭-২০২৩ তারিখ অনুষ্ঠিত সভার কার্যবিবরণী পাওয়ার পয়েন্টে উপস্থাপন করেন। উক্ত কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় কার্যবিবরণীটি সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। অতঃপর সভায় নির্ধারিত আলোচ্য বিষয়ের উপর বিস্তারিত আলোচনান্তে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

**২০২২-২০২৩ অর্থ বছরের কেপিআই (KPI) অর্জন সংক্রান্ত তথ্য:**

| উপজেলার নাম | ২০২২-২০২৩ অর্থ বছরে কেপিআই (KPI) অর্জনের লক্ষ্যমাত্রা | ২০২২-২০২৩ অর্থ বছরে মোট অনুমোদিত বন্দোবস্ত কেসের সংখ্যা | বিগত মাস পর্যন্ত কবুলিয়ত সম্পাদনের সংখ্যা | বিগত মাস পর্যন্ত নামজারি সম্পাদনের সংখ্যা |
|---|---|---|---|---|
| পঞ্চগড় সদর | ৪৫ | ৩৩ | ৩৩ | ৩৩ |
| তেঁতুলিয়া | ৪৫ | ১০৪ | ৫৯ | ৫৯ |
| আটোয়ারী | ৪৫ | ১০৭ | ৪১ | ৪১ |
| বোদা | ৪৫ | ৭৪ | ৭৪ | ৭৪ |
| দেবীগঞ্জ | ৪৫ | ৪৬ | ২২ | ২২ |
| সর্বমোট | ২২৫ | ৩৬৪ | ২২৯ | ২২৯ |

**২০২৩-২০২৪ অর্থ বছরের কেপিআই (KPI) অর্জন সংক্রান্ত তথ্য:**

| উপজেলার নাম | ২০২৩-২০২৪ অর্থ বছরে কেপিআই (KPI) অর্জনের লক্ষ্যমাত্রা | চলতি মাসে প্রাপ্ত বন্দোবস্ত প্রস্তাবের সংখ্যা | চলতি মাসে অনুমোদিত বন্দোবস্ত কেসের সংখ্যা | বিগত মাস পর্যন্ত অনুমোদিত বন্দোবস্ত কেসের সংখ্যা | কবুলিয়ত সম্পাদনের সংখ্যা | নামজারি সম্পাদনের সংখ্যা |
|---|---|---|---|---|---|---|
| পঞ্চগড় সদর | - | - | - | ০৮ | - | - |
| তেঁতুলিয়া | - | - | - | - | - | - |
| আটোয়ারী | - | ০৫ | ০৫ | - | - | - |
| বোদা | - | - | - | - | - | - |
| দেবীগঞ্জ | - | - | - | ০২ | - | - |
| সর্বমোট | - | ০৫ | ০৫ | ১০ | - | - |

**২০২৩-২০২৪ অর্থ বছরের কেপিআই (KPI) অর্জন সংক্রান্ত আলোচনা:**

| ক্রমিক নং | বিষয় ও আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্মকর্তা |
|---|---|---|---|
| ০১ | **কৃষি খাস জমি বন্দোবস্তের কেপিআই (KPI) অর্জন সংক্রান্তঃ** অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), পঞ্চগড় সভায় জানান যে, ২০২৩-২০২৪ অর্থ বছরের কেপিআই ধার্য করা হয়নি। ভূমিহীন পরিবার পুনর্বাসনের লক্ষ্যে চলতি মাসে আটোয়ারী উপজেলা হতে ০৫টি কৃষি খাস খাস জমি বন্দোবস্তের প্রস্তাব পাওয়া গেছে। রেভিনিউ ডেপুটি কালেক্টর, পঞ্চগড় সভায় জানান আটোয়ারী উপজেলা হতে প্রাপ্ত নথিসমূহ পরীক্ষা-নিরীক্ষা করা হয়েছে। পরীক্ষা - নিরীক্ষায় নথিসমূহ সঠিক থাকায় উপস্থিত সদস্যবৃন্দ | (ক) ভূমিহীন পরিবারকে পুনর্বাসনের লক্ষ্যে আটোয়ারী উপজেলার ০৫টি কৃষি খাস জমি বন্দোবস্তের কেস নথি পরীক্ষা-নিরীক্ষান্তে সঠিক থাকায় সর্বসম্মতিক্রমে অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার ও সহকারী কমিশনার (ভূমি), আটোয়ারী, পঞ্চগড় |

ক্রমশ-------০২

CamScanner

| ক্রমিক নং | বিষয় ও আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্মকর্তা |
|---|---|---|---|
| | নিম্নবর্ণিত ০৫টি বন্দোবস্ত কেস নথি অনুমোদনের বিষয়ে একমত পোষণ করেন। ২০২৩-২০২৪ অর্থ বছরের KPI অর্জন করার নিমিত্ত কৃষি খাস জমি বন্দোবস্তের প্রস্তাব প্রেরণের জন্য সভাপতি সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানান। | (খ) চলতি ২০২৩-২০২৪ অর্থ বছরের KPI অর্জন করার নিমিত্ত প্রতি মাসে কৃষি খাস জমি বন্দোবস্তের প্রস্তাব প্রেরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | উপজেলা নির্বাহী অফিসার ও সহকারী কমিশনার (ভূমি), সকল |

**আটোয়ারী উপজেলা হতে প্রাপ্ত ০৫টি বন্দোবস্ত কেস নথির তালিকা নিম্নরূপ:**

| ক্রমিক নং | বন্দোবস্ত গ্রহীতার নাম ও ঠিকানা | উপজেলার বন্দোবস্ত কেস নম্বর | বন্দোবস্তকৃত জমির তফসিল | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| | | | মৌজার নাম | খতিয়ান নম্বর | দাগ নম্বর | শ্রেণি | জমির পরিমাণ |
| ০১ | মোঃ আজিজার রহমান<br>পিতা-পজির উদ্দীন<br>মোছাঃ রোকেয়া বেগম<br>স্বামী- মোঃ আজিজার রহমান<br>গ্রাম: ধামোর (ফেইসা ডাংগী)<br>আটোয়ারী, পঞ্চগড় | XII/০১/২০২৩-২৪ | ধামোর/০৩ | ০১ (এস, এ) | ৮৯১৭ | ডাঙ্গা | ০.৩৩ একর |
| ০২ | মোঃ আব্দুল রহমান<br>পিতা- আব্দুর রশিদ<br>মোছাঃ আছিয়া বেগম<br>স্বামী- মোঃ আব্দুল রহমান<br>গ্রাম: ধামোর (ফেইসা ডাংগী), আটোয়ারী, পঞ্চগড় | XII/০২/২০২৩- ২৪ | ধামোর/০৩ | ০১ (এস, এ) | ৮৯১৭ | ডাঙ্গা | ০.৩৩ একর |
| ০৩ | মোঃ শাহিনুর রহমান<br>পিতা: মোঃ আতিয়ার রহমান<br>মোছাঃ বিলকিছ বানু<br>স্বামী- মোঃ শাহিনুর রহমান<br>গ্রাম: ধামোর (ফেইসা ডাংগী)<br>আটোয়ারী, পঞ্চগড় | XII/০৩/২০২৩-২৪ | ধামোর/০৩ | ০১ (এস, এ) | ৮৯১৭ | ডাঙ্গা | ০.৩৩ একর |
| ০৪ | মো: মইন উদ্দীন<br>পিতা: মোঃ নজিবর রহমান<br>মোছা: নাছরিন বেগম<br>স্বামী: মো: মইন উদ্দীন<br>গ্রাম: ধামোর<br>আটোয়ারী, পঞ্চগড় | XII/০৪/২০২৩-২৪ | ধামোর/০৩ | ০১ (এস, এ) | ৮৯১৯ | ডাঙ্গা | ০.৩৩ একর |
| ০৫ | বীর মুক্তিযোদ্ধা মো: ইসমাইল হোসেন বেঙ্গল<br>পিতা: বেনামী মোহাম্মদ<br>গ্রাম: রামপুর<br>আটোয়ারী, পঞ্চগড় | XII/০৫/২০২৩-২৪ | পাল্টাপাড়া/৩৫ | ০১ (আর, এস) | ০৪ | পুকুরপাড় | ০.০৫ একর |

| | | | |
|---|---|---|---|
| ০২ | **বন্দোবস্তকৃত কৃষি খাস জমির কবুলিয়ত ও নামজারি সংক্রান্ত:**<br>অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), পঞ্চগড় সভায় জানান যে, ইতোমধ্যে অনুমোদনকৃত বন্দোবস্ত কেসসমূহের কবুলিয়ত ও নামজারি সম্পন্নপূর্বক এ কার্যালয়ে প্রতিবেদন প্রেরণ করা হয়নি। যে সকল বন্দোবস্ত কেসের কবুলিয়ত এবং নামজারি এখনো সম্পন্ন হয়নি সে সকল বন্দোবস্ত কেসের কবুলিয়ত এবং নামজারি দ্রুত সম্পন্ন করে সে সংক্রান্ত তথ্য এ কার্যালয়ে প্রেরণের জন্য সভাপতি সংশ্লিষ্ট সকলকে নির্দেশনা প্রদান করেন। | ইতোমধ্যে অনুমোদনকৃত বন্দোবস্ত কেসের কবুলিয়ত এবং নামজারি সম্পন্নপূর্বক বন্দোবস্ত গ্রহীতাকে বন্দোবস্তকৃত জমির দখল বুঝে দেয়ার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে এবং কবুলিয়ত ও নামজারির তথ্য এ কার্যালয়ে প্রেরণ করতে হবে। | উপজেলা নির্বাহী অফিসার ও সহকারী কমিশনার (ভূমি) (সকল) |

ক্রমশ-------০৩

CamScanner

| | | | |
|---|---|---|---|
| ০৩ | **খাস জমির রেজিস্টার হালনাগাদ সংক্রান্ত :**<br>অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), পঞ্চগড় সভায় জানান যে, খাস জমির রেজিস্টারসমূহ হালনাগাদ না থাকায় খাস জমি উদ্ধারসহ সরকারি সম্পদ রক্ষণাবেক্ষণে জটিলতা দেখা দিচ্ছে। উক্ত সমস্যা নিরসনের লক্ষ্যে ইতোমধ্যে বন্দোবস্তকৃত এবং বর্তমানে বন্দোবস্তযোগ্য খাস জমির সঠিক হিসাব সংরক্ষণের নিমিত্ত রেজিস্টার-৮ ও রেজিস্টার-১২ আগামী সভার মধ্যে হালনাগাদপূর্বক অত্রাফিসকে অবহিত করার সিদ্ধান্ত গৃহীত হয়। রেভিনিউ ডেপুটি কালেক্টর, পঞ্চগড় সভায় জানান যে, রেজিস্টার- ৮ ও রেজিস্টার- ১২ হালনাগাদ সংক্রান্ত প্রতিবেদন কোন উপজেলা হতে পাওয়া যায়নি। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনান্তে রেজিস্টারসমূহ আগামী সভার পূর্বে হালনাগাদপূর্বক প্রতিবেদন প্রেরণের জন্য সভাপতি সংশ্লিষ্ট সকলকে পুনরায় অনুরোধ করেন। | খাস জমির সঠিক হিসাব সংরক্ষণের নিমিত্ত রেজিস্টার- ৮ ও রেজিস্টার- ১২ আগামী সভার মধ্যে হালনাগাদসহ খাস জমির ডাটাবেজ প্রস্তুত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | উপজেলা নির্বাহী অফিসার ও সহকারী কমিশনার (ভূমি), (সকল) |
| ০৪ | **অবৈধ দখলে থাকা খাস জমি উদ্ধার সংক্রান্ত :**<br>অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব) জানান যে, সকল উপজলোয় অবৈধ দখলে থাকা কৃষি খাস জমি সরেজমিন পরিদর্শন করে উদ্ধারপূর্বক সরকারের দখলে রাখতে হবে। অতঃপর উদ্ধারকৃত খাস জমি প্রকৃত ভূমিহীনদের অনুকুলে বন্দোবস্ত প্রদানের উদ্যোগ নিতে হবে। ভূমিহীনদের অনুকুলে বন্দোবস্ত প্রদানের নিমিত্ত সঠিকভাবে পরীক্ষা-নিরীক্ষা করে কেস নথি সৃজনপূর্বক প্রস্তাব প্রেরণের জন্য সভাপতি সংশ্লিষ্ট সকলকে নির্দেশনা প্রদান করেন। | অবৈধ দখলে থাকা কৃষি খাস জমি উদ্ধারপূর্বক সরকারের দখলে রাখার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | উপজেলা নির্বাহী অফিসার ও সহকারী কমিশনার (ভূমি), (সকল) |

অতঃপর সভায় আর কোন আলোচনা না থাকায় সকলকে ধন্যবাদ জ্ঞাপনপূর্বক সভার সমাপ্তি ঘোষণা করা হলো।

মোঃ জহুরুল ইসলাম
জেলা প্রশাসক
পঞ্চগড়

স্মারক নম্বর- ৩১.৫৫.৭৭.০০.০১৭.০৬.০০১.২৩- ৭২৫ তারিখ : ১৫ ভাদ্র ১৪৩০ / ৩০ আগস্ট ২০২৩

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

০১। সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। বিভাগীয় কমিশনার, রংপুর বিভাগ, রংপুর।
০৩। পুলিশ সুপার, পঞ্চগড়।
০৪। বিভাগীয় বন কর্মকর্তা, দিনাজপুর।
০৫। উপ-পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, পঞ্চগড়।
০৬। উপজেলা নির্বাহী অফিসার, পঞ্চগড় সদর/তেঁতুলিয়া/আটোয়ারী/বোদা/দেবীগঞ্জ, পঞ্চগড়।
০৭। সহকারী কমিশনার (ভূমি), পঞ্চগড় সদর/তেঁতুলিয়া/আটোয়ারী/বোদা/দেবীগঞ্জ, পঞ্চগড়।
০৮। উপ-পরিচালক, সমাজসেবা অধিদপ্তর, পঞ্চগড়।
০৯। জেলা সমবায় অফিসার, পঞ্চগড়।
১০। সাব-রেজিস্ট্রার, পঞ্চগড় সদর/টুনিরহাট/তেঁতুলিয়া/আটোয়ারী/বোদা/দেবীগঞ্জ, পঞ্চগড়।
১১। জনাব.................................................................................................
.................................................................................................।

ফরহাদ আহমেদ
রেভিনিউ ডেপুটি কালেক্টর(চ:)
পঞ্চগড়

CamScanner